



বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

BCS General Education Association

শিক্ষাবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, মেহেরবা প্রাজা (১৪শ তলা), ৩৩ তোপখানা রোড, ঢাকা-১০০০ ই-মেইল: bcsga1618@gmail.com
ওয়েবসাইট: www.bcsgea.org.bd ফোন: ০১৭২০১৬৫৫৫৬ (সভাপতি) ০১৮১৮০৮৪৩৫৪ (মহাসচিব)

০৬ই সেপ্টেম্বর, ২০২২ মঙ্গলবার রাত ৯টায় বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদের জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী। সভা পরিচালনা করেন সমিতির মহাসচিব জনাব মোঃ শওকত হোসেন মোল্যা।

আলোচ্যবিষয়: সাপ্তাহিক ছুটির দিনে জাতীয় বিশ্ববিদ্যালয় কতৃক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত

সভার শুরুতে মহাসচিব মহোদয় আজকের জরুরী সভা আহবানের কারণ ব্যাখ্যা করেন। তিনি বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় সরকারি সিদ্ধান্ত উপেক্ষা করে সরকার নির্ধারিত সাপ্তাহিক ছুটির দিনে পরীক্ষা রুটিন প্রকাশ করেছে। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির পক্ষ থেকে ইতোমধ্যে ছুটির দিনে পরীক্ষা বাদ দিয়ে সংশোধিত রুটিন প্রকাশের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়কে মৌখিক ও লিখিতভাবে অনুরোধ করা হলেও জাতীয় বিশ্ববিদ্যালয়ের কোন পদক্ষেপ দৃশ্যমান নয়। এবস্থায় বিসিএস সাধারণ শিক্ষা সমিতির করণীয় কী হতে পারে সে বিষয়ে উপস্থিত নেতৃবৃন্দের মতামত আহবান করেন।

আলোচ্যসূচি অনুযায়ী উপস্থিত সদস্যবৃন্দের মধ্যে বক্তব্য উপস্থাপন করেন প্রফেসর মোঃ মামুন উল হক, , প্রফেসর অসীম কুমার সাহা, প্রফেসর কাজী শফিকুর রহমান, জনাব শেখ রফিকুল ইসলাম, প্রফেসর মোঃ আশরাফুল কবীর, জনাব বিপুল চন্দ্র সরকার, জনাব এস এম কামাল আহমেদ, জনাব মোঃ আবদুল মান্নান, জনাব মোহাঃ এনামুল হক, জনাব মুহাম্মদ ফাতিহুল কাদীর, জনাব মোঃ দেলোয়ার হোসেন, জনাব মোহাম্মদ ছিদ্দিকুর রহমান, জনাব মোঃ জাকির হোসেন, জনাব মোঃ ইমরান আলী, জনাব ইমরান নাজির, ড. মোঃ জিয়াউল হক, জনাব মোঃ নুরুল আলম, জনাব আসলাম হোসেন, জনাব সুবীর দাশ, জনাব জাহিদ উদ্দিন সুলতান, জনাব খালেদা ইয়াসমিন, জনাব খুজিস্তা আক্তারা বানু, জনাব জেসমিন আকতার, জনাব মোঃ শাহিনুল ইসলাম, জনাব প্রফে: ড. মোঃ ইলিয়াস, জনাব দিলীপ চন্দ্র রায়, জনাব তানভীর হাসান, জনাব মাহবুব ই রাব্বি, জনাব ফজলে রাব্বি, জনাব মোহাম্মাদ নাসির উদ্দিন, জনাব আসমা আক্তার সম্পা, জনাব ড. লোকমান হোসেন।

বক্তারা বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশের উচ্চশিক্ষা বিস্তারে যে কর্মযজ্ঞ চালাচ্ছে যেখানে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে মূখ্য ভূমিকা রাখছে সরকারি কলেজে কর্মরত বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার কর্মকর্তারা। কিন্তু দুঃখজনক হলেও সত্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমের সিংহভাগ সরকারি কলেজ তথা বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার কর্মকর্তারা করলেও বিশ্ববিদ্যালয়ের নীতিনির্ধারণী কর্মকাণ্ডে শিক্ষা ক্যাডারকে বরাবরই উপেক্ষা করা হয়। সাম্প্রতিক সময়ে এটি আরো বেশী প্রকাশ্য। বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার কর্মকর্তারা অবকাশ বিভাগের অন্তর্ভুক্ত হলেও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি, ফরমপূরণ ও পরীক্ষা সময়সূচি প্রণয়ন কালে শিক্ষা বিভাগের অবকাশকালকে বিবেচনায় নেয়া হয়না। সম্প্রতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জ্বালানী ও বিদ্যুৎ সশ্রয়ের লক্ষ্যে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত ও আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সাপ্তাহিক ছুটি শুক্র ও শনিবার নির্ধারণ করেছে। গত ২২.০৮.২০২২ তারিখে এবিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয় থেকে আদেশ জারী করা হয়েছে। তথাপিও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আগামী ০৬.০৯.২০২২ তারিখ হতে অনুষ্ঠিতব্য ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স তৃতীয় বর্ষ পরীক্ষা সাপ্তাহিক ছুটির দিন শনিবারেও রাখা হয়েছে যা সরকারি সিদ্ধান্তের পরিপন্থী। সরকারি সিদ্ধান্তকে উপেক্ষা করে কোন দায়িত্ব পালন বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের জন্য সমীচীন নয়। আমরা সরকারি সিদ্ধান্তের বাইরে যেতে চাই না।

চলমান পাতা-০১



বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

BCS General Education Association

শিক্ষাবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, মেহেরবা প্রাজা (১৪শ তলা), ৩৩ ভোপখানা রোড, ঢাকা-১০০০ ই-মেইল: bcsga1618@gmail.com
ওয়েবসাইট: www.bcsgea.org.bd ফোন: ০১৭২০১৬৫৫৫৬ (সভাপতি) ০১৮১৮০৮৪৩৫৪ (মহাসচিব)

বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে,

- ১। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির অবস্থান মাননীয় শিক্ষামন্ত্রী, মাননীয় শিক্ষা উপমন্ত্রী, মাননীয় শিক্ষা সচিব ও মহাপরিচালক মাউশি অধিদপ্তর মহোদয়কে লিখিতভাবে অবহিত করা হবে।
- ২। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য সকল পরীক্ষার রুটিনে সাপ্তাহিক ছুটিকে বাদ দিয়ে সংশোধিত রুটিন প্রকাশের জন্য পুনর্বার অনুরোধ করা হবে। সেইসাথে আগামীতে সাপ্তাহিক ছুটি, অবকাশ ও স্বীকৃত ছুটির দিনগুলোতে ভর্তি, ফরমপূরণ ও পরীক্ষা গ্রহণ না করার জন্য অনুরোধ করা হবে।
- ৩। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং শিক্ষা বোর্ডসমূহকেও সরকারি ছুটি ও বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের অবকাশ কালে ভর্তি, ফরমপূরণ ও পরীক্ষা কার্যক্রম না করার জন্য লিখিতভাবে অনুরোধ করা হবে।
- ৪। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সকল জেলা ও ইউনিট কমিটি জরুরী সভা করে তাদের মতামত কেন্দ্রীয় কমিটিকে অবহিত করবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সমিতির যেকোন পদক্ষেপের সাথে ঐক্যবদ্ধ থাকার আহবান জানিয়ে সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
সভাপতি

মোঃ শওকত হোসেন মোল্যা
মহাসচিব

দৃষ্টি আকর্ষণঃ ১। সম্পাদক, ইউনিট কমিটি, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি

২। প্রচার সচিব, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য)

৩। দপ্তর সচিব, বিসিএস সাধারণ শিক্ষা সমিতি (ওয়েবসাইটে প্রদান ও অফিসে সংরক্ষণের জন্য)